



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

সাধারণ বীমা টাওয়ার (৯ম তলা)

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা।

www.idra.org.bd

স্মারক নং ৫৩.০৩.০০০০.০০৯.১১.০২.২০২০-২৪৪, তারিখ : ২৮/০৮/২০২২

লিগ্যাল রিটেইনার নিয়োগ বিজ্ঞপ্তি

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ এবং হাইকোর্ট বিভাগের মামলা পরিচালনার জন্য ০১ (এক) জন লিগ্যাল রিটেইনার চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম	সংখ্যা	যোগ্যতা
০১.	লিগ্যাল রিটেইনার	০১	দরখাস্তকারীকে অবশ্যই মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ, হাইকোর্ট বিভাগে নূন্যতম ০৭(সাত) বছরের অভিজ্ঞতাসহ আইন পেশায় কমপক্ষে ১০(দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী :

- লিগ্যাল রিটেইনার বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পক্ষে বিভিন্ন মামলা পরিচালনায় অংশগ্রহণ করবেন এবং কর্তৃপক্ষের নির্ধারিত হারে সম্মানী (সরকারী ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) প্রাপ্য হবেন।
 - বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের স্বার্থ আছে এমন কোন মামলায় কর্তৃপক্ষের বিপক্ষে অংশগ্রহণ করতে পারবেন না।
 - মামলায় কর্তৃপক্ষের বিপক্ষে রায় হলে তাৎক্ষণিক ভাবে পরবর্তী করণীয় বিষয়ে জরুরীভিত্তিতে কর্তৃপক্ষের আইন শাখাকে অবহিত করতে হবে।
 - মামলা সংক্রান্ত বিষয়ে হাল নাগাদ তথ্যসহ মামলার তারিখ এবং মামলার সর্বশেষ অবস্থা বিস্তারিত ভাবে প্রতি মাসে এবং নিয়মিত ভাবে পরিচালক (আইন) কে অবহিত করতে হবে।
 - কোন লিগ্যাল রিটেইনারের পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তার নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
 - কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল/গ্রহণ করতে পারেন।
দরখাস্তকারীকে সাদা কাগজে নিম্নবর্ণিত তথ্য ও চাহিদা প্রতিপালন পূর্বক আবেদন করতে হবে।
- ০১। (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) শিক্ষাগত যোগ্যতার পূর্ণ বিবরণ (জ) হাইকোর্ট/ আপীল বিভাগে আইনজীবী হিসেবে তালিকা ভুক্তির সনদ ও সংশ্লিষ্ট আইনজীবী সমিতির সদস্যভুক্তির সার্টিফিকেট (ঝ) অভিজ্ঞতা (ঞ) নাগরিকত্ব সনদ/ জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
 - ০২। 'চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ' বরাবর দরখাস্ত আগামী ১২/০৯/২০২২ তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোন দরখাস্ত গ্রহণ করা হবেনা।
 - ০৩। দরখাস্তের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি (রঙিন), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
 - ০৪। প্রত্যেক দরখাস্তকারীকে দরখাস্তের সাথে 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ' এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের পে-অর্ডার/ড্রাফট (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।
 - ০৫। প্যানেল আইনজীবী নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষ যে কোন শর্ত শিথিল ও নতুন শর্ত সংযোজনের ক্ষমতা সংরক্ষণ করেন।

নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)
প্রশাসন